

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 17/12/2022

Time: 1-30 PM

বিশেষ বিশেষ খবর –

- ১) ইঞ্জিওপিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেদেশের সংসদের ঘোষ অধিবেশনে ভাষণ দিয়েছেন।
- ২) ত্রিদেশীয় সফরের তৃতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী আজ বিকেলে ওমানে পৌঁছবেন।
- ৩) কেন্দ্রীয় কয়লা মন্ত্রী জি কিষাণ রেডি বলেছেন, ২০২৪-২৫ সালে কয়লার উত্পাদন প্রায় ১০০ কোটি টনে পৌঁছেছে, যা এই প্রথম।
- ৪) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, ২০০০ কিলোমিটার রেলপথ কবচ ব্যবস্থার আওতায় আনা হয়েছে।
- ৫) ভারতীয় নৌবাহিনী, সমুদ্রপথে নিরাপত্তার ক্ষেত্রে এক বিশেষ পদক্ষেপ হিসেবে এর দ্বিতীয় MH-60 সি হক হেলিকপ্টার এবং INAS 335-কে আন্তর্ভুক্ত করছে।
- ৬) টি ২০ ক্রিকেট সিরিজের চতুর্থ ম্যাচে আজ ভারত দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে।

ইঞ্জিওপিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেদেশের সংসদের ঘোষ অধিবেশনে ভাষণ দিয়েছেন। ইঞ্জিওপিয়াকে ল্যান্ড অফ লায়ন বা সিংহের দেশ হিসাবে অভিহিত করে শ্রী মোদী বলেন, সেখানে আসতে পেরে তিনি নিজেকে ধন্য মনে করেছেন। সেদেশের সংসদে ভাষণ দেওয়া তার কাছে অত্যন্ত গৌরবের বলে শ্রী মোদী উল্লেখ করেছেন।

(বাইট- মোদী)

তাঁর এই সফরকালে দুই দেশের মধ্যে ৮ টি সমৰোতা স্মারকপত্র স্বাক্ষরিত হয়েছে। তিন দেশ সফরের দ্বিতীয় পর্যায়ে শ্রী মোদী সেদেশের প্রধানমন্ত্রী অ্যাবি আহমেদ আলির সঙ্গে দ্঵িপাক্ষিক এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট নানা বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করেন। প্রতিনিধি পর্যায়ের ঐ বৈঠকে শ্রী

মোদী বলেন, ভারত ও ইথিওপিয়া তাদের ঐতিহাসিক সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করেছে। যা এই দ্঵িপাক্ষিক সম্পর্ককে আরও প্রসারিত করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোগীকে ইথিওপিয়ার সর্বোচ্চ সম্মান - দ্য গ্রেট অনার নিশান অফ ইথিওপিয়ায় ভূষিত করা হয়েছে। আদিস আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে দুদেশের অংশীদারিত্ব জোরদার করতে তাঁর অবদান এবং এক দূরদৃশ্য আন্তর্জাতিক রাষ্ট্রনেতা হিসাবে নেতৃত্বদানের স্বীকৃতি স্বরূপ তাঁকেই এই সম্মান প্রদান করা হয়।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের অন্যতম প্রাচীন সভ্যতার কোনো দেশ থেকে এই সম্মান গ্রহণ করা তাঁর এক বিরাট প্রাপ্তি।

(বাইট- মোদী)

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ইথিওপিয়ার সর্বোচ্চ সম্মানে ভূষিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রীর এই সম্মান আন্তর্জাতিক কূটনৈতিক ক্ষেত্রে ভারতের গৌরবজনক অবদানকেই প্রতিফলিত করে।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা জগত্প্রকাশ নাড়োও এই সম্মান লাভের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী নাড়ো বলেন, প্রধানমন্ত্রী এই সম্মান ১৪০ কোটি ভারতবাসীর জন্যও এক গৌরবের মুহূর্ত।

প্রধানমন্ত্রীর ইথিওপিয়া সফরে দ্বিপাক্ষিক বৈঠক প্রসঙ্গে বিদেশ মন্ত্রকের সচিব সুধাকর দালেলা বলেছেন, ভারত ও ইথিওপিয়ার মধ্যে দীঘদিনের যে বন্ধুত্বের সম্পর্ক রয়েছে, এবারের বৈঠকে তা এক নতুন মাত্রা পেলো।

(বাইট- সুধাকর দালেলা)

ভারত ও ওমান কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর উদযাপন করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ওমান সফরে দ্বিপাক্ষিক এই সম্পর্ক আরও জোরদার হবে বলে আশা করা হচ্ছে। দুদিনের এই সফরে শ্রী মোদী আজ বিকেলে মাস্কট পোঁচবেন। ওমানে ভারতীয় রাষ্ট্রদূত জি ভি শ্রীনিবাস মাস্কটে আকাশবাণীর সংবাদদাতাকে জানিয়েছেন, উভয় দেশ সব ধরনের সন্ত্রাসবাদের তীব্র বিরোধিতা করেছে এবং এর মোকাবিলায় একে অপরের পাশে থাকারও অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। দুটি দেশই সব ধর্মের প্রতি সহিষ্ণু এবং যথাযথ মর্যাদা দিয়ে থাকে বলেও তিনি উল্লেখ করেন।

বাইট-

এদিকে প্রধানমন্ত্রী তার ওমান সফরে সুলতান হাইথাম বিন তারিকের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তাদের মধ্যে আলোচনা হওয়ার কথা। সুলতানের আমন্ত্রণেই প্রধানমন্ত্রীর এই সফর। আগামীকাল তিনি দুদেশের বাণিজ্যিক নেতৃত্বন্দের সঙ্গেও বৈঠক করবেন। এছাড়াও সেখানে বসবাসকারী ভারতীয়দের সঙ্গেও তাঁর মত বিনিময়ের কর্মসূচী রয়েছে।

কেন্দ্রীয় কয়লা মন্ত্রী জি কিষাণ রেডি বলেছেন, ২০১৪-১৫ সালে কয়লার উত্পাদন প্রায় ১০০ কোটি টনে পৌঁছেছে, যা এই প্রথম লোকসভায় আজ অতিরিক্ত প্রশ্নের উত্তরে শ্রী রেডি বলেন, গত ১০ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কয়লা ক্ষেত্রে বড় রকমের সংক্রান্ত সম্ভবপর হয়েছে। কয়লার উত্পাদন বৃদ্ধি সুনিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলেও উল্লেখ করেন তিনি। ভারত বর্তমানে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কয়লা উত্পাদক দেশ বলেও তিনি উল্লেখ করেন। এছাড়াও গত সাত বছরে ভারতের কয়লার ভান্ডার বৃদ্ধি পেয়েছে এবং বর্তমানে এই দেশ পঞ্চম বৃহত্তম কয়লা ভান্ডার বলেও শ্রী রেডি জানান।

সরকার কোল গ্যাসিফিকেশন মিশনের কাজ করে চলেছে এবং ২০৩০ সালের মধ্যে এর আওতায় এক হাজার টনের লক্ষ্যমাত্রা আর্জনে বদ্ধপরিকর। এই প্রথম দেশে ভূগর্ভস্থ কোল গ্যাসিফিকেশন রাফের জন্য নিলামের কাজ চলেছে বলেও মন্ত্রী লোকসভায় জানান।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, ২০০০ কিলোমিটার রেলপথ কবচ ব্যবস্থার আওতায় আনা হয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তর পর্বে তিনি বলেন, এই কবচের উদ্দেশ্য হল যাত্রী সুরক্ষা এবং ট্রেন চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা আরও জোরদার করা। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি এই কবচ ব্যবস্থার অগ্রগতি অত্যন্ত সন্তোষজনক এবং ৪০ হাজারের বেশি টেকনিশিয়ান ও অপারেটরকে ইতোমধ্যেই এক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

লোকসভায় পেশ হওয়া বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা ভিবিজি রামজি বিল ২০২৫-এ গ্রামীণ পরিবারগুলির জন্য কর্মসংস্থানের মাধ্যমে বার্ষিক ১২৫ দিনের মজুরি দেওয়ার একটি বিধিবদ্ধ নিশ্চয়তা প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান সভায় বিলটি পেশ করে বলেন, মহাত্মা গান্ধী আন্তর্নির্ভর ভারত এবং বিকশিত গ্রাম সম্প্রদায়ের চিন্তাভাবনার সঙ্গে সামঞ্জস্য রেখে বর্তমান সরকার দরীদ্রদের কল্যাণ ও গ্রামাঞ্চলের সার্বিক

উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। প্রস্তাবিত উদ্যোগের জন্য কেন্দ্র ৯৫ হাজার কোটি টাকা ব্যয় করবে বলে স্থির হয়েছে। এমজিনারেগা প্রসঙ্গে শ্রী চৌহান বলেন, নতুন প্রস্তাবে কর্ম নিশ্চয়তা আরও বেশি সুরক্ষিত থাকবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ভারত-রাশিয়া সম্পর্ক। ডক্টর অনিক চ্যাটার্জি র সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল রাত ৮ টায়।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

ভারতীয় নৌবাহিনী, সমুদ্রপথে নিরাপত্তার ক্ষেত্রে এক বিশেষ পদক্ষেপ হিসেবে এর দ্বিতীয় MH-60 সি হক হেলিকপ্টার এবং INAS 335 Ospreys কে অন্তর্ভুক্ত করেছে। নৌবাহিনীর প্রধান এডমিরাল দিনেশকে ত্রিপাঠী আজ বিকেলে গোয়ায় আইএনএস হংসে এক বিশেষ অনুষ্ঠানে এর সভাপতিত্ব করবেন।

MH-60 সি হকে রয়েছে কাটিং এজ ওয়েপেনস, সেনসর এবং আন্টি সাবমেরিন ওয়্যারফেয়ার সহ বিভিন্ন আধুনিক ব্যবস্থা। এর ফলে নৌ বাহিনী সমুদ্রের টেউয়ের নিচ থেকে দিগন্ত পর্যন্ত আঘাত হানার ক্ষমতা থাকবে।

ভূটানের প্রধানমন্ত্রী সেদিন তবকে আজ ১১৮ তম জাতীয় দিবসে ভূটানের মানুষকে অভিনন্দন জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি বলেন, তাদের রাজাদের দূরদৰ্শী নেতৃত্বের জন্যই দেশবাসী আজ সম্মানের সঙ্গে এই দিনটি পালন করতে পারছে এবং দেশের একতা এবং মূল্যবোধ ভূটানকে বিশেষভাবে প্রদান করেছে। ১৯০৭ সালের এই দিনেই উগয়েন ওয়াংচুকের ভূটানের প্রথম রাজা হিসেবে অভিষেক হয়।

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ ভূটানের বিদেশ মন্ত্রী লিয়োনপো ডি এন খুঙ্গিয়াল এবং সে দেশের জনগণকে জাতীয় দিবস, "গিয়ালিয়ং দুচেন" উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি বলেছেন, দুদেশের মধ্যে বিশেষ ও অনন্য অংশীদারিত্ব বজায় রাখতে ভারত প্রতিশ্রুতিবদ্ধ।

বিদেশ মন্ত্রী ডা এস জয়শঙ্কর জেরুজালেমে গতকাল ইজরায়েল প্রধান মন্ত্রী বেঞ্চামিন নেতানহায়াহুর সঙ্গে সাক্ষাৎ করে ভারত ও ইজরায়েলের মধ্যে কৌশলগত সম্পর্ক নিয়ে মত বিনিময় করেন। দু দেশের দ্঵িপাক্ষিক সম্পর্ক সুদৃঢ় করাই এই বৈঠকের লক্ষ্য ছিল। প্রযুক্তি, অর্থনীতি, যোগাযোগ, নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে দু দেশের সহযোগিতা নিয়ে আলোচনা করেন তাঁরা। ইজরায়েলের অর্থনীতি ও শিল্প মন্ত্রী নির বরকতের সঙ্গেও বৈঠক করেন। বিদেশ মন্ত্রী দুই দেশের মধ্যে বিনিয়োগ ও উন্নয়ন সহযোগিতা নিয়ে কথা হয় তাদের মধ্যে। শ্রী জয়শঙ্কর বলেন, দু পক্ষের অর্থনৈতিক অংশীদারিত্ব মজবুত করতে ভারত ইজরায়েল মুক্ত বাণিজ্য চুক্তির দ্রুত নিষ্পত্তি নিয়ে তিনি আশাবাদী।

মাদক নিয়ন্ত্রণ ব্যৱৰ মহা নির্দেশক অনুরাগ গর্গ, রাজ্য মাদক বিরোধী টাঙ্ক ফোর্স এর সঙ্গে সমন্বয় বাড়ানো এবং তথ্য আদান-প্রদানের ওপর জোর দিয়েছেন। মাদক ব্যবহারের ক্রফল সম্পর্কে সচেতনতা বাড়াতে মিডিয়া ইনফুয়েন্সারদের চিহ্নিত করার কথাও বলেছেন তিনি। জাতীয় মাদক নিয়ন্ত্রণ ব্যৱৰ আঞ্চলিক নির্দেশকদের তৃতীয় সম্মেলনে আঞ্চলিক অধিকরণাদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী গর্গ বলেন, মাদক পাচার নেটওয়ার্কগুলি ধ্বংস করাই ব্যৱৰ অগ্রাধিকার। জেলের ভেতর মাদকের বিক্রি এবং মাদক পাচারে হাওয়ালার অর্থ যোগানের বিষয়টি চিহ্নিত করার ওপরও জোর দেন তিনি। এই সম্মেলনে মাদক নিয়ন্ত্রণে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার এবং আঞ্চলিক ভাবে পরিস্থিতির ওপর বিশেষ নজর রাখার উপর জোর দেওয়া হয়েছে। গতকাল নতুন দিল্লিতে এই সম্মেলনের সমাপ্তি হয়েছে।

উত্তর কর্নাটকের অভ্যন্তরীণ এলাকা, তেলেঙ্গানা এবং পশ্চিম মধ্যপ্রদেশে আজ শৈত্য প্রবাহের পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তর। উত্তরপ্রদেশের বিভিন্ন এলাকা এবং পূর্ব মধ্যপ্রদেশে ঘন কুয়াশা থাকবে বলে জানানো হয়েছে। এছাড়াও পশ্চিম রাজস্থান, পাঞ্জাব, উত্তরাখণ্ড, হরিয়ানা, চন্ডিগড়, দিল্লি এবং হিমাচল

প্রদেশের বিভিন্ন এলাকাতে থাকার সন্তাননা রয়েছে। একই পরিস্থিতি থাকবে অরুণাচল প্রদেশ, অসম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা এবং ওড়িষাতে।

অন্যদিকে দিল্লি জাতীয় রাজধানী অঞ্চলে বাতাসের গুণমানে সামান্য উন্নতি হলেও, এখনো তা অতি নিম্ন মানেই রয়েছে। আজ সকাল ৭ টায় দিল্লিতে এ কিউ আই রেকর্ড করা হয়েছে ৩২৯।

টি ২০ ক্রিকেট সিরিজের চতুর্থ ম্যাচে আজ ভারত দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

পাঁচ ম্যাচের সিরিজে ভারত ২-১ এ এগিয়ে রয়েছে। সিরিজের শেষ ম্যাচ অনুষ্ঠিত হবে আগামী শুক্রবার আহমেদাবাদে। ভারতের ক্রিকেট বোর্ড জানায়, চোটের কারণে অলরাউন্ডার অক্ষর প্যাটেল সিরিজের বাকি ম্যাচ গুলিতে খেলবেন না। তাঁর জায়গায় দলে জায়গা পেয়েছেন শাহবাজ আহমেদ। অন্যদিকে প্রথম একাদশে ফিরতে পারেন ভারতের তারকা বোলার জশপ্রীত বুমরাহ। এর আগের ম্যাচে ধরমশালায় বোলারদের দুর্দান্ত পারফরম্যান্সের ভারত ৭ উইকেটে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে দেয়।
